দৈনিক সংবাদ

তারিখ 16 DEC 1993
পৃষ্ঠা ৪ কলাম ৪

২৩

## ডিগ্রী পরীক্ষা

আমি ১৯৯২ সালের ডিসেম্বর মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বি,এস,সি (পাস) পরীক্ষার্থী ছিলাম। কিন্তু সে পরীক্ষা পেছানোর ফলে ১৯৯৩ সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত হয়। আমি ডিসেম্বর মাসে পরীক্ষা দেয়ার জন্য প্রস্তুত ছিলাম কিন্তু পরবর্তী বছর এপ্রিল মাসে হওয়ার সময় আমি অসুস্থ ছিলাম, ফলে পরীক্ষা দিতে পারি নাই। আমি পরবর্তী বছরে জাতীয় বিশ্ব-বিদ্যালয়ের অধীনে পরীক্ষার্থীদের সাথে ফরম ফিলাম করতে চাইলে আমাকে সুযোগ দেয়া হয় নি। আমাকে বলা হয় ফল বেরুলে তাদের সাথে ফরম ফিলাপ করতে হবে। গত নভেম্বর মাসে ফল বের হবার পর এখন পর্যন্ত ডিগ্রী ফরম ফিলাপ ও পরীক্ষার কোন তারিখ ঘোষণা করা হয় নি. এখন শুনতে পাচ্ছি ঢাকা বিশ্ববিদ্যালয় নাকি আমার অর্থাৎ অকৃতকার্য ছাত্রদের পরীক্ষা জুন মাসে নেবে। আমরা যদি বিশ্ব-বিদ্যালয়ের সুমতিক্রমে জুন মাসে পরীক্ষা দেই তাহলে বিশ্ববিদ্যালয়ের গাফিলতির ফলে আমাদের ফল বেরুবে ছয় মাস পর। ইতিমধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আমাদের পরের বছরের তার পরের বছরের ছাত্ররা পরীক্ষা দিয়ে ফল পেয়ে যাবে। অর্থাৎ আমি এবং আমরা সঙ্গের ছাত্রদের চেয়ে তিন বছরের জুনিয়র হয়ে যাচ্ছি। আমি ১৯৯০ সালের জুন মাসে এইচ,এস,সি, পরীক্ষা পাস করি এখন ডিগ্রী পাস করতে সময় লাগছে চার বছর। এখন ঢাকা বিশ্ববিদ্যালয় কিভাবে আমাদের পরীক্ষা তাড়াতাড়ি নিতে পারে এবং তাড়াতাড়ি ফল প্রকাশ করতে পারে সে বিষয়ে সুনির্দিষ্ট পদক্ষেপ নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ করছি। এবং ফল প্রকাশের পর আমাদেরকে বিশ্ববিদ্যালয়ে মাষ্টার্স ক্লাসে বছর নষ্ট না করে ভর্তি করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে পুনরায় অনুরোধ করছি।

সাঈদ জায়বার
৭৩, (ক) ফুলবাড়ীয়া রোড,
ময়মনসিংহ